ভুলতা-গাউছিয়া সড়কে ডাকাতির অভিযোগ রফিকুল ইসলাম মাদানীর



রফিকুল ইসলাম মাদানি। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে ভুলতা-গাউছিয়া সড়কে ডাকাতির চেষ্টার শিকার হয়েছেন বলে অভিযোগ করেছেন ইসলামী বক্তা রফিকুল ইসলাম মাদানী। রোববার (২৫ সেপ্টেম্বর) দিবাগত রাতে কুমিল্লায় মাহফিল শেষে ফেরার পথে এ ঘটনা ঘটে বলে ফেসবুক লাইভে জানান তিনি।

মাদানী বলেন, সড়কে বড় বড় ইট-পাথর ফেলে তাদের গাড়ির পথ আটকে দেওয়া হয়। এ সময় রামদা দিয়ে গাড়িতে আঘাত করা হয়। চালক দ্রুত গাড়ি পেছনে সরিয়ে নেওয়ায় তারা রক্ষা পান।

তিনি জানান, ঘটনার দুই মিনিটের মধ্যে পুলিশ ঘটনাস্থলে আসে। তবে পুলিশ চলে যাওয়ার পর একটি সিএনজি থেকে কয়েকজন নেমে সড়কের পাথর সরিয়ে দেন। ডাকাত দলের সদস্যরা কোন দিকে চলে গেল, তা খুঁজে দেখার উদ্যোগ না নেওয়ায় প্রশ্ন তোলেন তিনি।

রাতের নিরাপত্তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন মাদানী। তিনি বলেন, সড়কে এত বড় পাথর ফেলে গাড়ি আটকে হামলার চেষ্টা করতে যথেষ্ট সময় লেগেছে। এতক্ষণ প্রশাসন কোথায় ছিল, সেই প্রশ্নও তোলেন তিনি। এ পরিস্থিতিতে রাতে মাহফিল শেষে যাতায়াত করা কঠিন হয়ে পড়ছে বলে মন্তব্য করেন এই বক্তা।